দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 06 APR 2016 ...
পৃষ্ঠা ২৪ ... কলাম ... ... ...

# শিক্ষকের শাস্তি

**রাবি সংবাদদাতা** ॥ শিক্ষার্থীদের সঙ্গে অসদাচরণ এবং ভয়ভীতি দেখানোর অভিযোগে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ফিশারিজ বিভাগের শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে। সোমবার সন্ধ্যায় ওই বিভাগের এ্যাকাডেমিক কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। শাস্তিপ্রাপ্ত শিক্ষক হলেন, সহযোগী অধ্যাপক মাহাবুবুর রহমান। ফিশারিজ বিভাগের ২০১১-১২ শিক্ষাবর্ষের আট শিক্ষার্থীর লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে তার বিরুদ্ধে এ ব্যবস্থা নেয়া হয় বলে জানা গেছে। তাকে ওই সেশনের সব এ্যাকাডেমিক কার্যক্রম থেকে বিরত রাখা হয়েছে এবং আগামী ১০ বছর বিভাগের কোন শিক্ষা সফরে অংশগ্রহণে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। এছাড়া ভবিষ্যতে একই ধরনের অপরাধ করবেন না মর্মে মুচলেকা নেয়ার সিদ্ধান্ত হয়েছে। জানা যায়, গত বছরের ৭ জুলাই মাহাবুবুর রহমানের বিরুদ্ধে আট শিক্ষার্থী বিভাগের সভাপতির কাছে লিখিত অভিযোগ করেন। এসব অভিযোগের মধ্যে ছিল, বোরখা পরায় এক ছাত্রীকে অপদস্থ করা, ক্ষমতার অপব্যবহার করে শিক্ষার্থীদের মধ্যে গ্রুপিং তৈরি করা, শিক্ষার্থীদের নিয়ন্ত্রণে রাখার জন্য অনুগতদের প্রশ্নপত্র বলে দেয়া এবং ওই শিক্ষকের কথা মতো না চললে পরীক্ষায় ফেল করিয়ে দেয়ার হুমকি।